



স্মারক নং-৩৪.০১.০৬০৭.০০০.৩৮.০৬৫.২৬-১৩৫

তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

আত্মকর্মসংস্থান সৃজনের লক্ষ্যে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুব ও যুবনারীদের অপ্রাতিষ্ঠানিক (অনাবাসিক) প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে নিম্ন বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ ও তারিখ	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	আবেদন জমা দেওয়ার শেষ তারিখ	সাক্ষাৎকার গ্রহণের তারিখ	চূড়ান্ত তালিকা প্রকাশ	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ
১	পোষাক তৈরী	২১ দিন (০১/১০/২০২৬খ্রি. হতে ২১/১০/২০২৬খ্রি.প র্যন্ত)	৮ম শ্রেণী পাস	মোট ৩০ জন। ১৫ জন যুবক ও ১৫ জন যুব নারী (যুব ও যুব নারী অনুপাত কম বেশী হতে পারে)	২৮/০৯/২০২৬ বিকাল ০৪.০০ ঘটিকা	২৯/০৯/২০২৬ বিকাল ০৪.০০ ঘটিকা	২৯/০৯/২০২৬	০১/১০/২০২৬

শর্তাবলী

- ক। বর্ণিত কোর্সে / ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীর বয়স অবশ্যই ২২/০৯/২০২৬খ্রি. তারিখে ১৮-৩৫ বছর বয়সের এর মধ্যে হতে হবে।
- খ। আবেদনকারীকে অবশ্যই এ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আগ্রহী প্রার্থীগণ অনলাইনে <https://ytms.gov.bd> লিংকে প্রবেশ করে আবেদন করতে হবে।
- গ। আবেদনকারীর নিজের NID দিয়ে নিবন্ধিত মোবাইল সিম/নম্বর ও বিকাশ নম্বর থাকতে হবে।
- ঘ। আবেদনপত্র লিংকের প্রশিক্ষণের ধরনে অপ্রাতিষ্ঠানিক সিলেক্ট করে অলাইনে ফরম পূরণ করতে হবে।
- ঙ। অনলাইন থেকে আবেদনপত্রের প্রিন্ট কপির সাথে ১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়াছবি ২) জাতীয় পরিচয়পত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ছায়াছবি ৩) সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র সংগে আনতে হবে।
- চ। আবেদনপত্র জমা দেওয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ছ। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী তালিকা হতে কেউ প্রশিক্ষণ কোর্সে অনুপস্থিত থাকলে অপেক্ষমান তালিকা হতে লটারির মাধ্যমে তা পূরণ করা হবে।
- জ। ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।
- ঝ। চূড়ান্ত তালিকা প্রণয়ন কার্যক্রম শেষ হলে প্রশিক্ষণের ভেন্যু/স্থান জানিয়ে দেয়া হবে।
- ঞ। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হবে।
- ট। চূড়ান্তভাবে মনোনীত যুব ও যুবনারীদের দৈনিক ক্লাসের উপস্থিতির ভিত্তিতে সরকারী বিধি মোতাবেক ভাতা প্রাপ্ত হবেন।
- ঠ। সাক্ষাৎকারের জন্য আলাদাভাবে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ড। ভর্তির ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২২.৯.২৬

মোঃ ফোরকান মোল্লা
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বাকেরগঞ্জ, বরিশাল।

তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

স্মারক নং-৩৪.০১.০৬০৭.০০০.৩৮.০৬৫.২৬-১৩৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল।

০২। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।

০৩। অফিস কপি।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বাকেরগঞ্জ, বরিশাল।